



সংবাদ বিজ্ঞপ্তি

**নোবিপ্রবিতে ‘নজরুল বক্তৃতা’ অনুষ্ঠিত**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) নজরুল বক্তৃতা-২০২৪ অনুষ্ঠিত হয়েছে। নোবিপ্রবি বাংলা বিভাগের আয়োজনে আজ বুধবার (৬ নভেম্বর ২০২৪) দুপুরে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটোরিয়ামে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক। বক্তা হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড. মহীবুল আজিজ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নোবিপ্রবি বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. চন্দন আনোয়ার।

এতে বিশেষ অতিথির বক্তৃতায় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক বলেন, আমরা শুধু ২১ ফেব্রুয়ারি এলে মাতৃভাষার গুরুত্ব নিয়ে সভা-সেমিনার করি। কিন্তু মাতৃভাষা বাংলার চর্চা আমাদের প্রাত্যহিক কাজে সর্বদা অব্যাহত রাখতে হবে। কারণ মাতৃভাষা ছাড়া মনের ভাব সম্পূর্ণ প্রকাশ করা যায় না।

বক্তা হিসেবে অধ্যাপক ড. মহীবুল আজিজ বলেন, নজরুলের সাহিত্যে উপনিবেশ ও যুদ্ধবিরোধী চেতনা এতটাই প্রবল ছিলো তা পৃথিবীর অন্য কোনো সাহিত্যিকের জীবনীতে খুঁজে পাওয়া দুষ্কর। তিনি ভারতবর্ষের স্বাধীনতার জন্য তার কবিতা ও প্রবন্ধ রচনা করেছেন। নজরুল তার বিদ্রোহী কবিতায় বলেছিলেন, আমি সেই দিন হব শান্ত যবে উৎপীড়িতের ক্রন্দনরোল আকাশে বাতাসে ধ্বনিবে না, অত্যাচারীর খড়গ কৃপাণ ভীম রণভূমে রণিবে না। এসময় ড. মহীবুল আজিজ আরও বলেন, নজরুল তার জীবনে সমস্ত সাহিত্যিকর্ম লিখেন ১৯২২-১৯২৫ সাল পর্যন্ত। ওই ৩ বছর সময়ব্যাপী তার জীবনের সমস্ত প্রতিভার বিকাশ ঘটেছিল।

এসময় নোবিপ্রবি বাংলা বিভাগসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪